



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/ ৮৪৮

তারিখঃ ২২/০৭/২০১৬খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং বিভিন্ন কাজে সেবা প্রাপ্তির জন্য আগত মাদরাসার প্রধান, শিক্ষক/কর্মচারী এবং সেবা প্রত্যাশীদের নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ-

১. মাদরাসার প্রধানগণ পরিচালনা কমিটির সভাপতি কর্তৃক লিখিত অনুমতিপত্র এবং মাদরাসার শিক্ষক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমতিপত্র ব্যতিত বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সাথে সাক্ষাৎ করতে পারবেন না।
২. আগত সকল পর্যায়ের সেবা প্রত্যাশীগণকে বোর্ডে প্রবেশের সময় প্রধান ফটকে রক্ষিত রেজিস্টারে প্রতিষ্ঠানের নাম, নিজ নাম, কাজের সংক্ষিপ্ত বিবরণ, মোবাইল নম্বর লিখে স্বাক্ষর প্রদান করতে হবে।
৩. অত্র বোর্ডের সকল শাখা হতে একজন করে কর্মকর্তা/কর্মচারী প্রতিদিন সকাল ১১.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত Help Desk-এ বসবেন এবং সেবা প্রত্যাশীদের চাহিদানুযায়ী সঠিক তথ্য ও পরামর্শ প্রদান করবেন।
৪. নাম ও বয়স সংশোধনের অনুমোদিত আবেদনকারীদের মূল কাগজপত্র নির্ধারিত তারিখে সকাল ১০টা হতে ১১টা পর্যন্ত গ্রহণ করা হয়। পরের দিন বিকাল ০৩টার পর আবেদনকারীর নিকট সরবরাহ করা হয়।
৫. সকল প্রকার সনদ নির্ধারিত তারিখে বিকাল ০৩টার পর সরবরাহ করা হয়।
৬. জমাকৃত ব্যক্তিগত যাচাইয়ের কাগজপত্র নির্ধারিত তারিখে বিকাল ০৪টার পর পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে সরবরাহ করা হয়।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬

স্বাক্ষর
২২/৭/১৬

নং- বামাশিবো/সংস্থাপন/ ৮৪৮(৬)

তারিখঃ ২২/০৭/২০১৬খ্রিঃ

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শ/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপ-পর্যায়ের সকল কর্মকর্তা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সহকারী ও সেকশন অফিসার পর্যায়ের সকল কর্মকর্তা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তঁাকে অফিস আদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দাখিল ও আলিম স্তরের সকল মাদরাসা।
৬. শিক্ষক/কর্মচারী, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দাখিল ও আলিম স্তরের সকল মাদরাসা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

স্বাক্ষর
২২/৭/১৬